

Subject: হেমন্ত (ফল) 2024-এর ভর্তিতে স্বাগতম!

প্রিয় পরিবারবর্গ,

2023-2024 শিক্ষা বছরে স্বাগতম! আমরা আশা করি আপনি একটি বিশ্রামপূর্ণ গ্রীষ্ম কাটিয়েছেন এবং অসাধারণ একটি শিক্ষা বছর শুরু করেছেন।

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট সকল NYC পাবলিক স্কুল ও প্রোগ্রামের 3-K থেকে 12 গ্রেড পর্যন্ত ভর্তি ও তালিকাভুক্তি (অ্যাডমিশন ও এনরোলমেন্ট) ব্যবস্থাপনা করে। আপনার সম্ভান যে ভর্তি প্রক্রিয়াতে এ বছর অংশগ্রহণ করতে পারবে, সেগুলো সম্পর্কে আরও জানতে এই চিঠি পড়া অব্যাহত রাখুন:

হাই স্কুল: বর্তমান গ্রেড 8 এবং প্রথমবার গ্রেড 9-এর শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। হাই স্কুলে ভর্তির আবেদন শুরু হবে **3 অক্টোবর**। আরো জানতে [হাই মিডল স্কুল অ্যাডমিশন ওয়েবসাইট](#) দেখুন।

মিডল স্কুল: বর্তমান গ্রেড 5-এর শিক্ষার্থীদের আবেদন করা উচিত। মিডল স্কুলের আবেদন শুরু হবে **11 অক্টোবর**। আরো জানতে [মিডল স্কুল অ্যাডমিশন ওয়েবসাইট](#) দেখুন।

কিন্ডারগার্টেন: 2019 সালে জন্মগ্রহণকারী নিউ ইয়র্কের সকল ছেলেমেয়ে আবেদন করতে পারে। কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন **5 ডিসেম্বর শুরু হবে**। পরিবারদের তাদের আবেদনপত্রে গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (মেধাবী ও প্রতিভাবান) এবং ডুয়েল ল্যাঙ্গুয়েজ (দ্বৈত ভাষা) প্রোগ্রামগুলো অন্তর্ভুক্ত করার সুযোগ রয়েছে। আরো জানতে [কিন্ডারগার্টেন অ্যাডমিশন ওয়েবসাইট](#) দেখুন।

3-K এবং প্রি-K: 2020 (প্রি-K) এবং 2021-এ (3-K) জন্মগ্রহণকারী ছেলেমেয়ে আবেদনের যোগ্য। উভয় আবেদন শুরু হবে **10 জানুয়ারি**। আরও জানতে [প্রি-K অ্যাডমিশন ওয়েবসাইট](#) এবং [3-K অ্যাডমিশন ওয়েবসাইট](#) দেখুন।

গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড (গ্রেড 1-4): যোগ্যতার ভিত্তি নির্ভর করে রিপোর্ট কার্ডে প্রাপ্ত গ্রেডের ওপর। আরো তথ্য স্প্রিং-এ (বসন্তে) পাওয়া যাবে। সর্বসাম্প্রতিক তথ্যের জন্য [এখানে](#) সাইন আপ করতে ভুলবেন না।

আবেদনের সময় ঘনিষ্ঠে আসার সাথে সাথে আরও হালনাগাদ তথ্যের প্রতি চোখ রাখুন। ইতোমধ্যে, সঠিক প্রক্রিয়া সম্পর্কে ইমেইল পাওয়ার জন্য [এখানে](#) সাইন-আপ করেছেন, তা নিশ্চিত করুন। সহায়তা পেতে নিচের ইমেইল ঠিকানাগুলোতে আপনি যোগাযোগ করতে পারেন!

- হাই স্কুলে ভর্তির জন্য সহায়তা পেতে অনুগ্রহ করে HSEnrollment@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।
- মিডল স্কুলে ভর্তির জন্য সহায়তা পেতে অনুগ্রহ করে MSEnrollment@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।
- কিন্ডারগার্টেন, গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড, প্রি-K & 3-K-তে ভর্তির জন্য অনুগ্রহ করে ESEnrollment@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।

আরও প্রশ্ন আছে? আমাদেরকে (718) 935-2009 নম্বরে ফোন করুন। এ বছর আপনি যখন স্কুলে আবেদন করবেন, তখন আপনার সহায়তা করার জন্য আমরা উদ্বীণ হয়ে আছি!

শুভেচ্ছান্তে,

অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের ভর্তি হতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। আপনি যদি আমাদের যেকোনো অথবা সকল মেইলিং লিস্ট থেকে কোনো ইমেইল পেতে না চান, তবে অনুগ্রহ করে আনসাবসক্রাইব করতে [এখানে](#) ক্লিক করুন।